

## **া** হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ ১. ওহী ও হাদীস রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ১. ৩. দু প্রকার ওহী: কুরআন ও হাদীস

কুরআন কারীমে বারংবার বলা হয়েছে যে, মহান আল্লাহ তাঁর মহান রাসূলকে (ﷺ) দুটি বিষয় প্রদান করেছেন: একটি 'কিতাব' বা 'পুস্তক' এবং দ্বিতীয়টি 'হিকমাহ' বা 'প্রজ্ঞা'। এ পুস্তক বা 'কিতাব' হলো কুরআন কারীম, যা হুবহু ওহীর শব্দে ও বাক্যে সংকলিত হয়েছে। আর 'হিকমাহ' বা প্রজ্ঞা হলো ওহীর মাধ্যমে প্রদন্ত অতিরিক্ত প্রায়োগিক জ্ঞান যা 'হাদীস' নামে সংকলিত হয়েছে। কাজেই ইসলামে ওহী দুই প্রকার: কুরআন ও হাদীস। ইসলামের এ দুই মূল উৎসকে রক্ষার জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ওহীর জ্ঞানকে হুবহু নির্ভেজালভাবে সংরক্ষণের জন্য একদিকে কুরআন ও হাদীসকে হুবহু শাদ্দিকভাবে মুখস্থ রাখার নির্দেশ দেয়া হয়েছে। অপরদিকে সন্দেহাতীতভাবে প্রমাণিত নয় এমন কোনো কথাকে মহান আল্লাহ বা তাঁর রাসূল (ﷺ)-এর নামে বলতে কঠিনভাবে নিষেধ করা হয়েছে।

## ফুটনোট

[1] সূরা (২) বাকারা: ১২৯, ১৫১, ২৩১; সূরা (৩) আল-ইমরান: ১৬৪, সূরা (৪) নিসা: ১১৩; সূরা (৩৩) আহযাব: ৩৪; সূরা (৬২) জুমুআহ: ২ আয়াত।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4571

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন